দৈনিক
ইত্তেফাক

তারিখ ...25 JUL 2016...
পৃষ্ঠা ...৭... কলাম ...২... ......

# বাঁশখালীতে পরীক্ষার প্রশ্নপত্রে বিতর্কিত ও স্পর্শকাতর ইস্যু

■ বাঁশখালী (চট্টগ্রাম) সংবাদদাতা

বাঁশখালীসহ দক্ষিণ চট্টগ্রামে গত শনিবার অর্ধবার্ষিকী পরীক্ষায় নবম শ্রেণির ভূগোল ও পরিবেশ (সৃজনশীল) বিষয়ের প্রশ্নপত্রে আবারো বিতর্কিত ও সাম্প্রদায়িক উস্কানিমূলক প্রশ্ন করা হয়েছে। বিতর্কিত বিষয়গুলো ধরা পড়ার পর প্রশ্নপত্র প্রত্যাহার করে পরীক্ষা স্থগিত করা হয়। জানা গেছে, ওই প্রশ্নপত্রে কয়লা বিদ্যুৎ প্রকল্পের জমি সংক্রান্ত বিষয়ে সংঘটিত অপ্রীতিকর ঘটনা এবং রোহিঙ্গা সংকটের মতো বিষয় ছিল। উল্লেখ্য, কিছুদিন আগে উপজেলার সাবেক ইউপি চেয়ারম্যান লেয়াকত আলীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে তুলনা করে প্রশ্ন করা হয়েছিল। ওই ঘটনায় বাঁশখালী থানা পুলিশ শিক্ষক দুকুল বড়ুয়া ও মাস্টার তাহেরুল ইসলামকে আটক করে। এ ব্যাপারে বাঁশখালী ইউএনও (ভারপ্রাপ্ত) হাবিবুল হাছান জানান, বিভ্রান্তিমূলক প্রশ্নপত্রে পরীক্ষা না নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছি। প্রশ্নপত্র তৈরির সঙ্গে জড়িত সকল শিক্ষককে আইনের আওতায় আনা হবে।

**প্রশ্নপত্রে যা ছিল:** নবম শ্রেণির ভূগোল ও পরিবেশ (সৃজনশীল) বিষয়ের প্রশ্নপত্রের ৩ নং প্রশ্ন: - চট্টগ্রাম জেলার বাঁশখালী থানার অন্তর্গত গন্ডামারা ইউনিয়নের সমুদ্র উপকূলীয় অঞ্চলে সাম্প্রতিককালে এস. আলম কোম্পানি কয়লা বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন।

জনরব উঠেছে যে, কয়লা বিদ্যুৎ স্থাপন করলে পরিবেশের বিপর্যয় ঘটবে। (ক) পরিবেশ কাকে বলে? (খ) প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের তুলনামূলক পার্থক্য দেখাও। (গ) কয়লা বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কারণে আদৌ কি পরিবেশ বিনষ্ট হবে? তুমি কি মনে কর। (ঘ) পরিবেশ বিপর্যয়ের প্রধান প্রধান কারণগুলো কী কী ব্যাখ্যা কর? । একই প্রশ্নপত্রের ৫ নং প্রশ্ন: - সম্প্রতি প্রতিবেশী দেশ মিয়ানমারে বৌদ্ধ সম্প্রদায় ও সংখ্যালঘু মুসলমানদের মধ্যে জাতিগত দাঙ্গা দেখা দেয়। ফলে নিজেদের জীবন রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানগণ কক্সবাজারের উখিয়াতে আশ্রয় নেয়। (ক) অভিবাসন কী? (খ) শরণার্থী বলতে কী বুঝায়? (গ) কক্সবাজারের উখিয়াতে রোহিঙ্গাদের আশ্রয় গ্রহণ কোন ধরনের অভিবাসন? ব্যাখ্যা কর। (ঘ) রোহিঙ্গাদের অভিবাসন ঐ অঞ্চলের সার্বিক পরিবেশের উপর কিরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ কর। এ নিয়ে এলাকায় তোলপাড় চলছে।